



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১২-১০৬

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

সিলেট এবং খাগড়াছড়িতে গণধর্ষণের ঘটনায় তীব্র নিন্দা প্রকাশ

সিলেটের এমসি কলেজে তরুণীকে এবং খাগড়াছড়িতে বুদ্ধি প্রতিবন্ধী তরুণীকে গণধর্ষণের ঘটনায় তীব্র নিন্দা প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি। সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপ-কমিশনারের বরাত দিয়ে গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, শুব্রুবার ওই তরুণী তার স্বামীর সঙ্গে এমসি কলেজে ঘুরতে আসলে ৬/৭ জন যুবক তরুণীকে জোরপূর্বক তুলে নিয়ে এমসি কলেজ ছাত্রাবাস এলাকায় গণধর্ষণ করে। এসময় তার স্বামী প্রতিবাদ করলে তাকে মারধর করে আটকে রাখা হয়। আসামিদের কেউ এখনো গ্রেপ্তার হয়নি।

অন্যদিকে খাগড়াছড়িতে ধর্ষণের শিকার তরুণীর মায়ের বরাত দিয়ে গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, বুধবার রাতে নয়জন ডাকাত ঘরে ঢুকে তার বুদ্ধি প্রতিবন্ধী মেয়েকে অপ্রেস মুখে ধর্ষণ করে এবং ঘরের জিনিস লুটপাট করে। ঘটনার সাথে জড়িত আসামিদের মধ্যে ইতোমধ্যে সাতজন গ্রেপ্তার হয়েছে বলে গণমাধ্যম সূত্রে জানা যায়।

উক্ত ঘটনাসমূহের বিষয়ে কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি মনে করেন একের পর এক নারীর প্রতি নির্যাতন ও ধর্ষণের ঘটনা অত্যন্ত জঘন্য ও ঘৃণ্যতম ঘটনা যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। নারীর মানবাধিকার সুরক্ষিত করার লক্ষ্যে ধর্ষণের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন করা আবশ্যিক। ধর্ষক যেই হোক না কেন তাকে আইনের আওতায় এনে দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করতে হবে। সিলেটের ঘটনায় আসামীদের দ্রুত গ্রেপ্তার করে এবং খাগড়াছড়ির ঘটনায় গ্রেপ্তারকৃত আসামীদেরসহ সংশ্লিষ্ট অন্যান্যদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার আহ্বান জানান তিনি।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬